# ঢাকা বিশ্ববিদ্যালয়

## সাধারণ ভর্তি কমিটির সভার (০৭/০৪/২০২২) আলোচ্যসূচি

আলোচ্যসূচি-১: ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিষয়ে ডিনস কমিটির বিশেষ সভার সুপারিশ বিবেচনা।

ডিনস কমিটির বিশেষ সভায় (০৬/০৪/২০২২) উপস্থিত সম্মনিত সদস্যবৃন্দ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তাঁরা ভর্তিচ্ছু শিক্ষার্থী সংশ্লিষ্ট বিষয়গুলোর ওপর গুরুত্বারোপ করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫টি ইউনিটের ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ ও সময়সূচি নিম্নরূপ:

| ইউনিট | পরীক্ষার তারিখ | বার | সময়সূচি |
|---|---|---|---|
| ক-ইউনিট | ১০/০৬/২০২২ | শুক্রবার | সকাল ১১.০০ টা হতে ১২.৩০ মিনিট পর্যন্ত |
| খ-ইউনিট | ০৪/০৬/২০২২ | শনিবার | সকাল ১১.০০ টা হতে ১২.৩০ মিনিট পর্যন্ত |
| গ-ইউনিট | ০৩/০৬/২০২২ | শুক্রবার | সকাল ১১.০০ টা হতে ১২.৩০ মিনিট পর্যন্ত |
| ঘ-ইউনিট | ১১/০৬/২০২২ | শনিবার | সকাল ১১.০০ টা হতে ১২.৩০ মিনিট পর্যন্ত |
| চ-ইউনিট (সাধারন জ্ঞান) | ১৭/০৬/২০২২ | শুক্রবার | সকাল ১১.০০ টা থেকে ১১.৩০ মিনিট পর্যন্ত |
| চ-ইউনিট (অংকন) | | | |

(খ) (i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে আবেদন গ্রহণ ও ফি জমা দেয়ার তারিখ ২০/০৪/২০২২ হতে ১০/০৫/২০২২ পর্যন্ত।

(ii) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তির আবেদন সংশোধনের (বিশেষ ক্ষেত্রে) তারিখ ১৫/০৫/২০২২ পর্যন্ত।

(গ) (i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ৯৫৬.৫০/- টাকা, অনলাইন সার্ভিস চার্জ- ৩০/- টাকা ও ব্যাংকের পেমেন্ট সার্ভিস চার্জ ১৩.৫০ টাকাসহ মোট ১০০০/- (**এক হাজার**) টাকা নির্ধারণ করা হয়। চারটি রাষ্ট্রায়ত্ব বানিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যে কোন শাখায় ফি জমা দেয়া যাবে।

(ii) অনলাইন ভর্তি অফিসের পরীক্ষার খাতওয়ারি ব্যয় ও সম্মানী নির্ধারণের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

মাননীয় কোষাধ্যক্ষ - আহবায়ক
হিসাব পরিচালক - সদস্য
আহবায়ক, অনলাইন ভর্তি কমিটি - সদস্য

সুপারিশ পাওয়ার পর মাননীয় উপাচার্য অনুমোদন দিবেন।

(ঘ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে আবেদনকারীদের সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ নিম্নরূপ:

| ইউনিট | পরীক্ষার তারিখ | প্রবেশ পত্র ডাউনলোড করার তারিখ |
|---|---|---|
| ক-ইউনিট | ১০/০৬/২০২২ | ১৬/০৫/২০২২ হতে পরীক্ষা শুরুর এক ঘন্টা পূর্ব পর্যন্ত |
| খ-ইউনিট | ০৪/০৬/২০২২ | ১৬/০৫/২০২২ হতে পরীক্ষা শুরুর এক ঘন্টা পূর্ব পর্যন্ত |
| গ-ইউনিট | ০৩/০৬/২০২২ | ১৬/০৫/২০২২ হতে পরীক্ষা শুরুর এক ঘন্টা পূর্ব পর্যন্ত |
| ঘ-ইউনিট | ১১/০৬/২০২২ | ১৬/০৫/২০২২ হতে পরীক্ষা শুরুর এক ঘন্টা পূর্ব পর্যন্ত |
| চ-ইউনিট (সাধারণ জ্ঞান) | ১৭/০৬/২০২২ | ১৬/০৫/২০২২ হতে পরীক্ষা শুরুর এক ঘন্টা পূর্ব পর্যন্ত |
| চ-ইউনিট (অংকন) | | |

(ঙ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন করার ন্যূনতম যোগ্যতা নিম্নরূপ:

২০১৬ থেকে ২০১৯ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমানের এবং ২০২১ সনের উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ক-ইউনিট: বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম ও **IGCSE/O Level** এবং **IAL/GCE A Level** পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম** ৮.০০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে**) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ-ইউনিট: মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫** (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে**) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

গ-ইউনিট: ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫** (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.০০ থাকতে হবে**) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ঘ-ইউনিট: **(ক) মানবিক শাখার** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫** (মাধ্যমিক/ সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে**) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**(খ) বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা** থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম** ৮.০০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে**) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**(গ) ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা** থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫** (মাধ্যমিক/ সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.০০ থাকতে হবে**) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

চ-ইউনিট: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার (৪র্থ বিষয়সহ) **জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ হতে হবে** (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় **আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে**)।

(চ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৫টি ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষায় নিম্নোক্ত ডিনগণ সমন্বয়কারী ও যুগ্মসমন্বয়কারী হিসাবে দায়িত্ব পালন করবেন

| ক্রমিক নং | ইউনিট | সমন্বয়কারী | অনুষদ |
|---|---|---|---|
| ১। | ক-ইউনিট | সমন্বয়কারী ও<br>যুগ্ম সমন্বয়কারী | ডিন, ফার্মেসী অনুষদ।<br>ডিন, বিজ্ঞান অনুষদ; ডিন, জীব বিজ্ঞান অনুষদ; ডিন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ; ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ। |
| ২। | খ-ইউনিট | সমন্বয়কারী ও<br>যুগ্ম সমন্বয়কারী | ডিন, কলা অনুষদ<br>ডিন, আইন অনুষদ; ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ। |
| ৩। | গ-ইউনিট | সমন্বয়কারী | ডিন, বিজনেস স্টাডিজ অনুষদ। |
| ৪। | ঘ-ইউনিট | সমন্বয়কারী ও<br>যুগ্ম সমন্বয়কারী | ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ<br>ডিন, কলা অনুষদ; ডিন, আইন অনুষদ; ডিন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ; ডিন, বিজনেস স্টাডিজ অনুষদ |
| ৫। | চ-ইউনিট | সমন্বয়কারী | ডিন, চারুকলা অনুষদ |

(ছ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় MCQ এবং লিখিত পরীক্ষার নম্বর ও সময় নিম্নরূপ:

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ণ করা হবে। তন্মধ্যে মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ওপর থাকবে ২০ (১০+১০) নম্বর। বাকি ১০০ নম্বরের মধ্যে ৬০ নম্বরের MCQ এবং ৪০ নম্বরের বর্ণনামূলক পরীক্ষা হবে। তবে চারুকলার ক্ষেত্রে ৪০ নম্বরের MCQ (সাধারণ জ্ঞান) এবং ৬০ নম্বরের লিখিত (অঙ্কন) পরীক্ষা হবে।

| ইউনিট | MCQ পরীক্ষা | | লিখিত পরীক্ষা | |
|---|---|---|---|---|
| | নম্বর | সময় | নম্বর | সময় |
| ক | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| খ | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| গ | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| ঘ | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| চ | ৪০ | ৩০ মিনিট | ৬০ | ৬০ মিনিট |

(জ) শিক্ষার্থীদের যোগাযোগ, চলাচল, স্থানান্তর, অবস্থান প্রভৃতির ক্ষেত্রে যাতে ভোগান্তি লাঘব ও অর্থ খরচ সাশ্রয় করা যায় তার জন্য গত বছরের ন্যায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভাগীয় শহরে অবস্থিত নিম্নোক্ত বিশ্ববিদ্যালগুলোতে অনুষ্ঠিত হবে:

১। রাজশাহী বিশ্ববিদ্যালয়
২। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৩। বরিশাল বিশ্ববিদ্যালয়
৪। খুলনা বিশ্ববিদ্যালয়
৫। সিলেট বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৬। ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়
৭। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

আলোচ্যসূচি-২: ক্যাম্পাস/ভবন-আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে অর্থ সংস্থানের বিষয় বিবেচনা।

সভায় অবহিত করা হয় যে, ভর্তি পরীক্ষা এবং চাকুরীর পরীক্ষা চলাকালীন ক্যাম্পাসে প্রচুর জনসমাগম হয়। এছাড়া বিপুল সংখ্যক গাড়ীর উপস্থিতি লক্ষ্য করা যায়। ফলে ক্যাম্পাস এলাকা অপরিচ্ছন্ন হয়ে পরে। ক্যাম্পাস এলাকা পরিচ্ছন্ন রাখার স্বার্থে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: বাহিরের যে সব সংগঠন/প্রতিষ্ঠান ভর্তি পরীক্ষা এবং চাকুরীর পরীক্ষা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজন করতে আগ্রহী তাদের সাথে ক্যাম্পাস পরিচ্ছন্ন রাখার বিষয়ে চুক্তিবদ্ধ হতে হবে। এতদবিষয়ে সংশ্লিষ্ট ডিন/চেয়ারম্যান/পরিচালক বিশ্ববিদ্যালয় থেকে পরীক্ষা নেয়ার অনুমতি গ্রহণের সময় পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি নিশ্চিত করবেন।

আলোচ্যসূচি-৩: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় ১২০ নম্বরের মধ্যে পাশ নম্বর নির্ধারণের বিষয় বিবেচনা

*২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় ১২০ নম্বরের মধ্যে পাশ নম্বর ন্যূনতম ৪০% অর্থাৎ ৪৮ নম্বর নির্ধারিত ছিল।

আলোচ্যসূচি-৪: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন ইউনিটে ভর্তির অন্যান্য শর্ত পূর্বের ন্যায় রাখার বিষয় বিবেচনা।

*২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিভিন্ন ইউনিটে ভর্তির অন্যান্য শর্ত পূর্বের ন্যায় ছিল। এ বিষয়ে ইউনিট প্রধানগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন।

আলোচ্যসূচি-৫: কোটায় ভর্তির বিষয় বিবেচনা।

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে যা ছিল:**

ওয়ার্ড, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ ও **শারীরিক**), হরিজন ও দলিত সম্প্রদায় ও মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী কোটা হিসাবে প্রার্থীদের ভর্তির জন্য **ভর্তি পরীক্ষায় ১২০ নম্বরের মধ্যে ৪৮ নম্বর (অর্থাৎ ৪০%)** পাওয়ার শর্ত দেয়া হয়। এছাড়া বিষয় নির্বাচনের ক্ষেত্রে অন্যান্য শর্ত বহাল থাকবে।

(ক) মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী ৫% আসনে ভর্তি করা হবে।

(খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের জন্য ১.০% আসনে ভর্তি করা হবে।

(গ) হরিজন ও দলিত সম্প্রদায় ১.০% আসনে ভর্তি করা হবে।

(ঘ) প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১.০% আসনে ভর্তি করা হবে।

(ঘ) খেলোয়াড় কোটায় ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ থেকে শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে আগত ছাত্র/ছাত্রীদের জন্য বিষয় বণ্টন করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড কোটা (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ও মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী/খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান "বিকেএসপি" থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী) কোটায় ভর্তি প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে ঐ ইউনিটের ডিন অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শন পূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে নিম্নলিখিত সনদপত্রসহ আবেদন করতে হবে।

(ক) ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্রসহ

(খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রধান/জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ

(গ) হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ

(ঘ) প্রতিবন্ধী কোটার (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ক্ষেত্রে সঠিকতার সনদপত্রসহ

(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্রসহ।

(চ) খেলোয়াড় কোটার (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান "বিকেএসপি" থেকে এইচ,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ) ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কর্তৃক সনদপত্রসহ।

উপরোক্ত কোটার নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে, যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক তার প্রত্যয়নপত্র/সনদপত্র/প্রমাণপত্র সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। যাদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ নেই কিন্তু সনদের জন্য আবেদন করেছে তাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তবে ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচনের পূর্বে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র জমা দিতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী কোটায় ভর্তি প্রার্থীদের মুক্তিযোদ্ধার সনদ সঠিক কিনা তা সংশ্লিষ্ট ইউনিট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে যাচাই করার পর ভর্তির অনুমতি প্রদান করবে।

উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে ডিনগণের সভায় মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের মধ্যে বিষয় বন্টন করা হবে এবং প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ডিনগণের সভায় ওয়ার্ড, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ও খেলোয়াড় কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের মধ্যে বিষয় বন্টন করা হবে।

আলোচ্যসূচি-৬: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে 'ঘ ইউনিট' হতে বিভিন্ন বিভাগে আসন সংখ্যা নির্ধারণের বিষয় বিবেচনা।

আলোচ্যসূচি-৭: ঢাকা বিশ্বদ্যািলয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ অবসরে যাওয়ার পর কত বৎসর পর্যন্ত তাদের পোষ্যগন ভর্তি পরীক্ষার অংশগ্রহন করতে পারবে সে বিষয়ে বিবেচনাঃ

(ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ **অবসরে যাওয়ার পর ২(দুই) বৎসর (LPR থাকাকালীন ১ বছর এবং অবসর গ্রহণের পর ১ বছর)** পর্যন্ত তাদের পোষ্যগণ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড কোটা (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী, (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ও খেলোয়াড় কোটায় (শুধুমাত্র বিকেএসপি থেকে আগত ছাত্র/ছাত্রী) হিসেবে ভর্তি প্রার্থীদের ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর অর্জন এবং যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক ঐ বিষয়ে ভর্তির জন্য বিভাগ কর্তৃক আরোপিত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির অনুমতি দেয়া যেতে পারে।

আলোচ্যসূচি-৮: ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সকল ইউনিটে ভর্তি প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে Mobile Phone, Calculator, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম ব্যবহার করা সম্পূর্ণ নিষেধের বিষয় বিবেচনা।